নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বৃহস্পতিবার
রেজিঃ নং-চ-৫১৩
১৯ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-১০৭
৪ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
৮ জমাঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

আ'লীগ কোনো রাজনৈতিক দল নয়, এদের পরিচয় 'সন্ত্রাসী গোষ্ঠী' : প্রধানমন্ত্রী

দিগন্ত ডেস্ক

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগকে একটি 'চিহ্নিত সন্ত্রাসী গোষ্ঠী' হিসেবে অভিহিত করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বেপরোয়া সন্ত্রাস চালিয়ে তারা নিজেরাই প্রমাণ করেছে যে এরা কোনো রাজনৈতিক দল নয়, বরং এদের পরিচয় সন্ত্রাসী গোষ্ঠী।
তিনি বলেন, দেশের ভেতরে ও বাইরে অবস্থানরত পলাতক ফ্যাসিস্ট অপশক্তি এবং কার্যক্রম
● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে অটোরিকশা চালককে পিটিয়ে হত্যার অভিযোগ, আটক ১

বিশেষ প্রতিনিধি

চাঁদপুরে অবৈধ অটোরিকশা আটক হওয়াকে কেন্দ্র করে রশিদ মোল্লা (৫০) নামের এক চালককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে গাড়ির মালিকের বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্তের শ্বশুরকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার রাতে চিকিৎসাধীন অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।
নিহত রশিদ মোল্লা চাঁদপুর শহরের ১১নং ওয়ার্ডের গুণরাজদী এলাকায় ভাড়া বাসায় বসবাস করতেন।
পরিবারের অভিযোগ সূত্রে জানা যায়, ভোলা জেলার বাসিন্দা সিদ্দিক নামের এক ব্যক্তির কাছ থেকে নম্বরবিহীন অটোরিকশা ভাড়া নিয়ে চালাতেন রশিদ মোল্লা। গত ১০ ও ১৪ নভেম্বর ট্রাফিক পুলিশ তার দুটি অটোরিকশা আটক করে। এসব অটোরিকশা আটকের ঘটনায় ক্ষিপ্ত হয়ে গাড়ি মালিক সিদ্দিক তাকে বেধড়ক মারধর করেন।
গুরুতর আহত অবস্থায় রশিদকে প্রথমে চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে চার দিন চিকিৎসাধীন থাকার পর তার মৃত্যু হয়। স্বামীকে
● ২-এর পাতায় দেখুন

ঐক্যে ফাটল ধরায় পলাতক ফ্যাসিস্টরা অগ্নিসংযোগের সুযোগ পাচ্ছে- বিরোধীদলীয় নেতা

দিগন্ত ডেস্ক

ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোর ঐক্যে ফাটল ধরায় পলাতক ফ্যাসিস্ট ও তাদের দোসররা দেশজুড়ে আবারও নাশকতা, হামলা ও অগ্নিসংযোগ করার সুযোগ পাচ্ছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বুধবার জাতীয় সংসদের অধিবেশনে বক্তব্য রাখার সময় তিনি দেশের
● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালে চিকিৎসায় রোগীরা।

চাঁদপুরে ডেঙ্গুর দাপট

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে ডেঙ্গুর প্রকোপ ক্রমেই বাড়ছে। জেলার বিভিন্ন স্থান থেকে জ্বর ও ডেঙ্গুর উপসর্গ নিয়ে প্রতিদিনই চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালে চিকিৎসা নিতে আসছেন রোগীরা। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা শেষে অনেকের শরীরে ডেঙ্গুর সংক্রমণ শনাক্ত হচ্ছে। চলতি মাসের গত ১ নভেম্বর থেকে ১৬ নভেম্বর সোমবার পর্যন্ত ১৬ দিনে হাসপাতালটিতে ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন সর্বমোট ১৩৫ জন রোগী। আক্রান্তদের মধ্যে পুরুষ ৯১ জন এবং নারী ও শিশু ৪৪ জন। তবে এ সময়ে হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত কোনো রোগীর মৃত্যুর ঘটনা ঘটেনি। মূলত বর্ষা ও বর্ষা-পরবর্তী সময়ে, বিশেষ করে মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ সাধারণত সবচেয়ে বেশি থাকে। এরপর নভেম্বর থেকে কমতে শুরু করে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। তবে এবার চিত্র ভিন্ন। হাসপাতাল সূত্রে জানা গেছে, ডেঙ্গু আক্রান্ত রোগীদের মধ্যে শারীরিক অবস্থা বিবেচনায় ৭ জন পুরুষ রোগীকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। অন্যদিকে চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৬৮ জন। বর্তমানে হাসপাতালের পৃথক ডেঙ্গু ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন আক্রান্ত রোগীরা। ১৭ নভেম্বর সোমবার হাসপাতালের নারী ওয়ার্ডে আগের ভর্তি রোগী ছিলেন
● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ট্রাক-মোটরসাইকেল সংঘর্ষে যুবক নিহত

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে বালুবাহী ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মোঃ জাকির হোসেন মিয়াজী (৩৫) নামে এক যুবক নিহত হয়েছে।
মঙ্গলবার (১৭ নভেম্বর ২০২৬) হাজীগঞ্জ-রামগঞ্জ সড়কের সেন্দ্রা পেট্রোল পাম্প এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত জাকির পেশায় ঢালাই কাজের ঠিকাদার ছিলেন। তিনি উপজেলার হাটিলা পূর্ব ইউনিয়নের টঙ্গীরপাড় নোয়াপাড়া গ্রামের মিজি বাড়ির মো. নুরু মিয়া মিজির বড় ছেলে। তবে তিনি পরিবার নিয়ে হাজীগঞ্জ পৌরসভার টোরাগড় এলাকায় বসবাস করতেন।
জানা যায়, জাকির হোসেন মিয়াজী বিভিন্ন স্থাপনা পাকাকরণের ঠিকাদারি কাজ করতেন। মঙ্গলবার কাজ শেষে মোটরসাইকেলে করে তিনি বাসায় ফিরছিলেন। পথিমধ্যে সেন্দ্রা পেট্রোল পাম্প এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি বালুবাহী ট্রাকের সঙ্গে তাঁর মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে তিনি গুরুতর আহত হন। তাৎক্ষণিকভাবে স্থানীয়রা তাঁকে উদ্ধার করে হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য
● ২-এর পাতায় দেখুন


চাঁদপুরে গণপ্রকৌশলী দিবসআইডিইবি-এর ৫৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে র‍্যালি।

চাঁদপুরে গণপ্রকৌশলী দিবস উদযাপন

মানবসভ্যতার প্রতিটি উন্নয়নের পেছনে প্রকৌশলীদের অবদান রয়েছে

-----জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

শহর প্রতিনিধি

বুধবার (১৮ নভেম্বর) সকাল ১০:৩০ ঘটিকায় চাঁদপুর সদর উপজেলা সম্মেলন কক্ষে "দক্ষ ডিপ্লোমা প্রকৌশলী, উন্নত দেশ–সবার আগে বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরে গণপ্রকৌশলী দিবস-২০২৬ ও ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)-এর ৫৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।
প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান বলেন, মানবসভ্যতার শুরু থেকে বর্তমান সময় পর্যন্ত মানুষের প্রতিটি উন্নয়ন ও উদ্ভাবনের পেছনে প্রকৌশল ও প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। সভ্যতার অগ্রযাত্রায় শুরু থেকে শেষ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রেই প্রকৌশলীদের ভূমিকা থাকবে। গণপ্রকৌশল দিবস শুধু একটি নির্দিষ্ট দিনের উদযাপন নয়, বরং আমাদের দৈনন্দিন জীবনের ছোট-বড় প্রতিটি কাজের সঙ্গেই প্রকৌশল জড়িত। শুধু ভবন নির্মাণ, নকশা প্রণয়ন কিংবা বৈদ্যুতিক কাজ নয়, জীবনের নানা কর্মকাণ্ডেই প্রকৌশলের ব্যবহার রয়েছে। তাই আগামী প্রজন্মের যারা প্রকৌশলী হওয়ার স্বপ্ন দেখছেন, তাদের দক্ষতা ও দায়িত্বশীলতার সঙ্গে
● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে শ্যালক হত্যায় ভগ্নিপতির মৃত্যুদণ্ড

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে শ্যালক কামরুল হাসান রতনকে উপর্যুপরি ছুরিকাঘাতে হত্যার দায়ে ভগ্নিপতি শাহাদাত হোসেন সরদারকে মৃত্যুদণ্ড দিয়েছে জেলা ও দায়রা জজ আদালত। বুধবার দুপুরে চাঁদপুর সিনিয়র জেলা ও দায়রা জজ আদালতের বিচারক সামছুন্নাহার আসামির উপস্থিতিতে এই রায় ঘোষণা করেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি শাহাদাত হোসেন সরদার একই



উপজেলার পূর্ব সুবিদপুর ইউনিয়নের দিগধাইর গ্রামের মৃত আলী আহমেদের ছেলে।
মামলার রাষ্ট্রপক্ষের আইনজীবী এডভোকেট কোহিনুর বেগম জানান, ২০২২ সালে নিহতের বোন
● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে নিষিদ্ধ আ'লীগের তিন কর্মী গ্রেফতার

ফরিদগঞ্জ প্রতিনিধি



ফরিদগঞ্জে পুলিশের বিশেষ অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সহযোগী সংগঠনের তিন কর্মীকে গ্রেফতার করা হয়েছে।বুধবার (১৮ নভেম্বর) ফরিদগঞ্জ থানা পুলিশের পৃথক অভিযানে তাঁদের গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃত ব্যক্তিরা হলেন- উপজেলার ১৫নং রূপসা উত্তর ইউনিয়নের ৪নং ওয়ার্ড কৃষক লীগের সভাপতি আবদুর রহিম (৪৬), তিনি ঘোড়াশালা গ্রামের রাঢ়ী বাড়ির মোখলেছুর রহমানের ছেলে। ফরিদগঞ্জ পৌরসভা ছাত্রলীগের কর্মী মো. সালাউদ্দিন (২২), তিনি চরবসন্ত গ্রামের আমির আলী হাজী বাড়ির সাইফুল ইসলামের ছেলে এবং কেরোয়া উত্তর গ্রামের এরশাদ পাটওয়ারীর ছেলে মো. ইয়াছিন পাটওয়ারী (৩৩)।
ফরিদগঞ্জ থানা পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, বুধবার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ এরশাদ উল্লাহর সার্বিক দিকনির্দেশনায় এসআই (নিরস্ত্র) মো. রাকিবুল হাসান ও এসআই (নিরস্ত্র) মোহাম্মদ হুমায়ুন কবির সঙ্গীয় পুলিশ সদস্যদের সহযোগিতায় অভিযান পরিচালনা করেন। অভিযানে তাঁদের গ্রেপ্তার করা হয়। পরে গ্রেপ্তার তিনজনকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে বলে পুলিশ জানায়।

নারায়ণপুরে বিএনপি'র বিক্ষোভ মিছিল

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণে ৩নং খাদেরগাঁও এবং নারায়ণপুর ইউনিয়ন বিএনপি যৌথ উদ্যোগে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের অগ্নিসংযোগ, ককটেল বিস্ফোরণ এবং সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়েছে।
বুধবার (১৮ নভেম্বর) বিকেল ৫টার দিকে উপজেলার নারায়ণপুর বাজারে খাদেরগাঁও ইউনিয়ন ও
● ২-এর পাতায় দেখুন


আ'লীগের দেশবিরোধী ষড়যন্ত্র, আগুন সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির প্রতিবাদে চাঁদপুর জেলা যুবদলের বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. সলিম উল্যা সেলিম।

আ'লীগের দেশবিরোধী ষড়যন্ত্র, আগুন সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির প্রতিবাদে

চাঁদপুর জেলা যুবদল বিশাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ

স্টাফ রিপোর্টার

পতিত ফ্যাসিস্ট, নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের দেশবিরোধী ষড়যন্ত্র, আগুন সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টির প্রতিবাদে বিশাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে চাঁদপুর জেলা যুবদল।
বুধবার (১৮ নভেম্বর) বিকেল সাড়ে ৩টায় চাঁদপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গন থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা বিএনপি কার্যালয়ে গিয়ে শেষ হয়।
বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম। তিনি তার বক্তব্যে বলেন, আজকের বাংলাদেশ একটি যুব সন্ধিক্ষণে পার করছে। বিএনপির ৪৮ বছরের ইতিহাসে দেশ থেকে কোনদিন পালিয়ে যায়নি। মরহুম বেগম খালেদা জিয়া বছরকে বছর জেল খেটেছে তবে পালিয়ে যায়নি। তিনি আরো বলেন, গোপালগঞ্জের আর গোপাল থাকবে না, এটা আমাদের নেত্রী বেগম খালেদা জিয়া বলেছিলেন।
● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযানে জরিমানা

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলায় অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান পরিচালনা করেছে পরিবেশ অধিদপ্তর ও জেলা প্রশাসন। বুধবার (১৮ নভেম্বর) পরিচালিত এ অভিযানে দুটি ইটভাটাকে মোট ৭ লাখ টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে ইটভাটাগুলোর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন এবং কার্যক্রম বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে।
অভিযানকালে মেসার্স এ এস এস ব্রিকসের স্বত্বাধিকারী মো. আকতার হোসেন চৌধুরীকে ৪ লাখ টাকা এবং মেসার্স হারুন ব্রিকসের স্বত্বাধিকারী মো. হারুন শেখকে ৩ লাখ টাকা জরিমানা করা হয়। পরে জরিমানার মোট ৭ লাখ টাকা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।
চাঁদপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট তানভীর রাব্বির নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্টের নির্দেশনায় ইটভাটাগুলোর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।
পাশাপাশি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহায়তায় পানি ছিটিয়ে ইটভাটার জ্বলন্ত আগুন নিভিয়ে দেওয়া হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট ইটভাটাগুলোর সব ধরনের কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ প্রদান করেন।
অভিযানে প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তর, চাঁদপুর জেলা
● ২-এর পাতায় দেখুন


চাঁদপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৬০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটছেন প্রাক্তন শিক্ষার্থীরা।

চাঁদপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হীরক জয়ন্তী উৎসব উদযাপিত

নিজস্ব প্রতিবেদক

বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, স্মৃতিচারণ ও কেক কাটার মধ্য দিয়ে চাঁদপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস এবং বিশ্ববিদ্যালয়টির ৬০তম পূর্তি উপলক্ষে 'হীরক জয়ন্তী উৎসব-২০২৬' উদযাপিত হয়েছে। বুধবার (১৮ নভেম্বর) বিকেলে 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এক্স
● ২-এর পাতায় দেখুন


কচুয়ায় শিশু ফাহমিদা হত্যার বিচার দাবিতে মানববন্ধন।

কচুয়ায় শিশু ফাহমিদা হত্যার বিচার দাবিতে মানববন্ধন

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার করইশ গ্রামের মূর্ধা বাড়ির আলোচিত শিশু ফাহমিদা আক্তার হত্যার ঘটনায় জড়িতদের বিচারের দাবিতে মানববন্ধন করেছেন নিহতের স্বজন ও এলাকাবাসী। বুধবার (১৮ নভেম্বর) দুপুরে কচুয়া পৌর ভবনের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নিহত শিশু ফাহমিদা আক্তারের পরিবারের সদস্য ও স্থানীয় এলাকাবাসী অংশ নেন। এ সময় বক্তব্য রাখেন নিহতের জেঠা ও হত্যা মামলার বাদী শফিকুল ইসলাম, স্থানীয় বাসিন্দা আব্দুস সালাম, নিহতের জেঠি নার্গিস
● ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণকে হারিয়ে ডিসি গোল্ডকাপের ফাইনালে ফরিদগঞ্জ

ক্রীড়া প্রতিবেদক



চাঁদপুর স্টেডিয়ামে জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে জমজমাটভাবে চলছে '২২তম জেলাপ্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট' ২০২৬। টুর্নামেন্টের প্রথম সেমিফাইনালে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও দারুণ রোমাঞ্চ ছড়ানো ম্যাচে মতলব দক্ষিণ উপজেলাকে ২-১ গোলে হারিয়ে ফাইনালে নাম লেখাল ফরিদগঞ্জ উপজেলা ক্রীড়া সংস্থা। শিরোপার সুবাস পেতে চলা এই ম্যাচে দুই দলের লড়াইয়ে গ্যালারিতে উপস্থিত হাজারো দর্শকের মাঝে ছড়িয়ে পড়ে দারুণ উন্মাদনা।
বুধবার (১৮ নভেম্বর) বিকেলে চাঁদপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত এই হাই-ভোল্টেজ সেমিফাইনালটি দেখতে দুই উপজেলারই বিপুলসংখ্যক ক্রীড়াপ্রেমী দর্শক মাঠে উপস্থিত হয়ে নিজ নিজ দলকে সমর্থন জানান। ম্যাচের শুরু থেকেই দুই দলই আক্রমণ ও পাল্টা
● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী

১৯ নভেম্বর ২০২৬
বৃহস্পতিবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

আল কাউসার স্কুল হাজিগঞ্জ
২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে
আসন সংখ্যা সীমিত
আবাসিক/অনাবাসিক
ভর্তি শুরু ২ নভেম্বর'২৬
ক্লাস শুরু ১ জানুয়ারী'২৭
■ শিশু শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ■ মাধ্যমিক শাখায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা ৩টি বিভাগই চালু আছে
■ ৬ষ্ঠ শ্রেণি থেকে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হয়।
প্রধান শিক্ষক 01309-131307
প্রতিষ্ঠা ও পরিচালনায়ঃ আল কাউসার ট্রাস্ট, হাজিগঞ্জ। 01819-190633, 01815-584721, 01816-863188

আদর্শ একাডেমী ফরিদগঞ্জ
ফরিদগঞ্জ উপজেলায় জে.এস.সি ও এস.এস.সি তে বছরবার ১ম স্থান অর্জনকারী শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।
ভর্তি চলছে!!
বৈশিষ্ট্য সমূহঃ
মাল্টিমিডিয়া ক্লাস।
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান।
আধুনিক ও ইসলামী শিক্ষার সমন্বয়।
সর্বাধিক পরিমাণ ক্লাস।
বাড়ীর কাজ, টিউটোরিয়াল পরীক্ষা।
গাইড শিক্ষকের মাধ্যমে তত্বাবধান।
অনগ্রসর শিক্ষার্থীদের বিশেষ তত্বাবধান।
৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণিতে পূরক শাখায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হচ্ছে।
প্লে থেকে নবম শ্রেণি
আবাসিক ✓ অনাবাসিক ✗
পরিবহনের সু-ব্যবস্থা
ভর্তি চলছে
www.adarshaacademyfaridgonj.imj.bd
adarshaf@yahoo.com Adarsha Academy Faridgonj
01712-752990, 01718-520857, 01728-168333, 01724-746131

হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে ৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

বৃহস্পতিবার ১৯ নভেম্বর ২০২৬, ৪ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ, ৮ জমাঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
★Kids Spoken + Reading Comprehension
★Advanced Spoken
★Professional Spoken
English Grammar
৫ হাজী মহসিন রোড, স্পোর্টস গ্যালারির সামেই, নিচতলায়, চাঁদপুর সদর, চাঁদপুর।
01974-924300



আ'লীগের নৈরাজ্যের প্রতিবাদে হাজীগঞ্জে বিএনপির প্রতিবাদ মিছিল।

আ'লীগের নৈরাজ্যের প্রতিবাদে হাজীগঞ্জে বিএনপির প্রতিবাদ মিছিল

হাজীগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জসহ দেশের কিছু এলাকায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মকাণ্ড ও অপতৎপরতা'সহ নৈরাজ্যের প্রতিবাদে হাজীগঞ্জে প্রতিবাদ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে বিএনপি।

উপজেলা ও পৌর বিএনপি, অঙ্গ-সহযোগী সংগঠনের আয়োজনে বুধবার (১৮ নভেম্বর) বিকালে হাজীগঞ্জ বাজারে প্রতিবাদ মিছিল শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, দেশব্যাপী পরিকল্পিতভাবে অগ্নিসংযোগ ও নৈরাজ্যে সৃষ্টি করে জনমনে আতঙ্ক ছড়ানোর লক্ষ্যে দেশবিরোধী কর্মকাণ্ড করছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ। তাদের প্রতিহতের ঘোষণা নিয়ে দেশের স্বার্থে এবং সাধারণ মানুষের জানমাল নিরাপত্তায় সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান নেতৃবৃন্দ।

বিক্ষোভ মিছিল ও সমাবেশে উপজেলা বিএনিপর আহ্বায়ক মনিরুজ্জামান মনির, সদস্য সচিব এমএ রহিম পাটওয়ারী, পৌর বিএনিপর সিনিয়র যুগ্ম আহ্বায়ক ভুলু মুন্সী, এ্যাড. ওমর ফারুক খান টিটু, মিজানুর রহমান সেলিম পাটওয়ারী, ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা যুবদলের নবগঠিত কমিটিকে শুভেচ্ছা জানিয়ে আনন্দ মিছিল

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা যুবদলের নবগঠিত কমিটির সভাপতি অ্যাড. নুরুল আমিন খান আকাশ ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ বাহারকে প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে আনন্দ মিছিল বের করা হয়। বুধবার (১৮ নভেম্বর) বিকেল ৪টায় চাঁদপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গন থেকে আনন্দ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা বিএনপি কার্যালয়ে এসে শেষ হয়।

জেলা যুবদলের নবগঠিত কমিটির সভাপতি অ্যাড. নুরুল আমিন খান আকাশের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ বাহারের পরিচালনায় মিছিলে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম, জেলা বিএনপির সহ-সভাপতি জসিম উদ্দিন খান বাবুল, খলিলুর রহমান গাজী, সাংগঠনিক সম্পাদক মনির চৌধুরী, সহ- ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর জেলা যুবদলের নবগঠিত কমিটিকে শুভেচ্ছা জানিয়ে আনন্দ মিছিল।

হাজীগঞ্জ উপজেলা মৎস্য কর্মকর্তার সঙ্গে মৎস্যজীবী দলের নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ

ইউসুফ বেপারী

হাজীগঞ্জ উপজেলা মৎস্য কর্মকর্তা এস এম শাহিন হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন হাজীগঞ্জ উপজেলা মৎস্যজীবী দলের নেতৃবৃন্দ। বুধবার (১৮ নভেম্বর) বিকেলে উপজেলা মৎস্য কর্মকর্তার



হাজীগঞ্জ উপজেলা মৎস্য কর্মকর্তার সঙ্গে মৎস্যজীবী দল নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ।

কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে নেতৃবৃন্দ উপজেলা মৎস্য কর্মকর্তার সঙ্গে কুশল বিনিময় করেন এবং উপজেলার মৎস্য খাতের উন্নয়ন, মৎস্যজীবীদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও মৎস্যসম্পদ সংরক্ষণ নিয়ে মতবিনিময় করেন। এ সময় মৎস্যজীবীদের কল্যাণে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে সমন্বয় ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। সৌজন্য সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন হাজীগঞ্জ উপজেলা মৎস্যজীবী দলের সাধারণ সম্পাদক সেলিম খান, সিনিয়র সহ-সভাপতি ফারুক হোসেন, সহ-সভাপতি বিল্লাল হোসেন, ৫নং সদর ইউনিয়ন মৎস্যজীবী দলের সভাপতি খোকন সর্দার ও সাধারণ সম্পাদক ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে পিডিবিএফের ৩ দিনব্যাপী

নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর আয়োজনে তিন দিনব্যাপী নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন হয়েছে। বুধবার (১৮ নভেম্বর ২০২৬) প্রশিক্ষণের শেষ দিনে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা



হাইমচরে পিডিবিএফের নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন হাইমচর উপজেলা নির্বাহী অফিসার মো. নজরুল ইসলাম।

নির্বাহী অফিসার (ইউএনও) মো. নজরুল ইসলাম। সমাপনী অনুষ্ঠানে তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে নেতৃত্ব বিকাশ, সামাজিক উন্নয়ন, দায়িত্বশীলতা ও জনকল্যাণমূলক বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। এ সময় প্রশিক্ষণার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করেন তিনি। প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারীদের নেতৃত্বের দক্ষতা বৃদ্ধি, ● ২-এর পাতায় দেখুন



আন্তর্জাতিক আয়োজনে অংশ নেয়া চাঁদপুরের ৫ সাহিত্যিক



শিক্ষার্থী ও অভিভাবক সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কলেজ গভর্নিং বডির সভাপতি কর্ণেল (অব) মতিউর রহমান জন্টু।

নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে শিক্ষার্থী-অভিভাবক সমাবেশ

শামীম মিয়াজী

শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং শিক্ষাপ্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ উন্নয়নের লক্ষ্যে মতলব উত্তর উপজেলার নিশ্চিন্তপুর ডিগ্রি কলেজে শিক্ষার্থী ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (১৮ নভেম্বর) সকাল ১১টায় কলেজের অডিটোরিয়ামে আয়োজিত এ সমাবেশে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ কামাল হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক জহিরুল আলম। সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে কলেজের গভর্নিং বডির ● ২-এর পাতায় দেখুন

ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন চাঁদপুর জেলা শাখার মতবিনিময় সভা

শহর প্রতিনিধি

ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন বাংলাদেশ (ইনসাব) চাঁদপুর জেলা শাখার নতুন আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৮ নভেম্বর বুধবার সন্ধ্যায় চাঁদপুর-ফরিদগঞ্জ বাইপাস সড়কস্থ সংগঠনের অস্থায়ী কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সাবেক সভাপতি হাবিবুর রহমান বাচ্চু। সভা পরিচালনা করেন সাবেক সাংগঠনিক সম্পাদক আলহাজ্ব আলী ● ২-এর পাতায় দেখুন

প্রত্যেক মুসলমানের জীবনে ঈমান ও আকিদার গুরুত্ব অপরিসীম

------ছারছীনা শরীফের পীর

মতলব উত্তর প্রতিনিধি

ছারছীনা শরীফের পীর কেবলা আলহাজ্ব হযরত মাওলানা মুফতী শাহ আবু নছর নেছারুদ্দীন আহমাদ হোসাইন (মা.জি.আ) বলেছেন, প্রত্যেক মুসলমানের জীবনে ঈমান ও আকিদার গুরুত্ব অপরিসীম। তাই আমাদের সবার আগে নিজের ঈমান ও আকিদাকে মজবুত করতে হবে। পবিত্র



মতলব উত্তরে ইছালে ছাওয়াব মাহফিলে বয়ান পেশ করছেন ছারছীনার পীর কেবলা আলহাজ্ব হযরত মাওলানা মুফতী শাহ আবু নছর নেছারুদ্দীন আহমাদ হোসাইন (মা.জি.আ)।

কোরআন ও হাদিসের আলোকে জীবন পরিচালনা করতে হবে এবং ইসলামের সঠিক পথে চলতে হবে। মহানবী হযরত মুহাম্মদ (সা.) আমাদের জন্য সর্বোত্তম আদর্শ। তাঁর দেখানো পথ অনুসরণ করেই আমাদের দুনিয়া ও আখিরাতের কল্যাণ অর্জন করতে হবে। ● ২-এর পাতায় দেখুন



শাহরাস্তিতে আল-মানার ইসলামিক ইনস্টিটিউটে সাইন্স ফেয়ার

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি উপজেলার বেরনাইয়া উত্তর বাজারে অবস্থিত আল মানার ইসলামিক ইনস্টিটিউটে সাইন্স ফেয়ার তথা বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়েছে। এতে অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানমনস্কতা, সৃজনশীলতা ও উদ্ভাবনী ● ২-এর পাতায় দেখুন

আন্তর্জাতিক আয়োজনে অংশ নিলেন চাঁদপুরের ৫ সাহিত্যিক

ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'ফসওয়াল লিটারেচার ফেস্টিভ্যাল ২০২৬'-এ বাংলাদেশের ১৩ জন কবি, কথাসাহিত্যিক ও অনুবাদক অংশ নিয়েছেন।

উৎসবে অংশ নেওয়া বাংলাদেশি প্রতিনিধিদের মধ্যে চাঁদপুরের পাঁচ সাহিত্যিকও রয়েছেন। তাঁরা হলেন–চাঁদপুর সাহিত্য একাডেমির মহাপরিচালক, কবি ও সাংবাদিক কাদের পলাশ; বাংলাদেশ শিল্পকলা একাডেমির কালচারাল অফিসার কবি ও প্রাবন্ধিক সৌম্য সালেক, গবেষক ও লেখক মুহাম্মদ ফরিদ হাসান; কবি নুরুন্নাহার মুন্নী এবং লেখক এম. নূরে আলম পাটোয়ারী। আন্তর্জাতিক এই সাহিত্য আয়োজনে তাঁদের অংশগ্রহণ চাঁদপুরের সাহিত্য ও সংস্কৃতিচর্চার জন্য তাৎপর্যপূর্ণ অর্জন হিসেবে বিবেচিত হচ্ছে।

'ফাউন্ডেশন অব সার্ক রাইটার্স অ্যান্ড লিটারেচার' আয়োজিত চার দিনব্যাপী এ সাহিত্য উৎসব ১৫ থেকে ১৮ নভেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশ, ভারত, নেপাল, ভুটান, আফগানিস্তান, মালদ্বীপ ও শ্রীলঙ্কাসহ বিভিন্ন দেশের শতাধিক কবি ও লেখক অংশ নেন।

বাংলাদেশ থেকে অংশগ্রহণকারী অন্য সাহিত্যিকরা হলেন, লেখক ও অনুবাদক অধ্যাপক ফকরুল আলম, ফরিদুর রহমান, কামরুল বাহার আরিফ, লোপা মমতাজ, আশরাফ ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় কাদলা ছাত্রদলের বিক্ষোভ মিছিল

কচুয়া প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের জ্বালাও-পোড়াও এবং নৈরাজ্যের প্রতিবাদে কচুয়া উপজেলার কাদলা ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। (১৮ নভেম্বর) বুধবার সন্ধ্যায় বাংলাদেশ শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম ● ২-এর পাতায় দেখুন

হাসিনাকে 'কওমি জননী' উপাধি দেয়া খতিব আটক

দিগন্ত ডেস্ক

জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের সাবেক খতিব মাওলানা মুফতি রুহুল আমিনকে আটক করা হয়েছে বলে জানা গেছে।

বুধবার (১৮ নভেম্বর) সন্ধ্যায় গোয়েন্দা তথ্যের ভিত্তিতে রাজধানীর ভাটারার একটি বাসায় অভিযান চালিয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা তাকে ● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম
দ্বীনি শিক্ষার সমন্বয়ে আধুনিক শিক্ষার অনন্য প্রতিষ্ঠান
আল-কাউসার দাখিল মাদ্‌রাসা
দাখিল পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল ও ৫ম-৮ম শ্রেণিতে সরকারী- বেসরকারী মেধা বৃত্তি প্রাপ্তিতে জেলায় প্রথম।
আবাসিক
অনাবাসিক
ভর্তির শ্রেণি ও ভর্তি পরীক্ষা
আসন সংখ্যা সীমিত
চলতি শিক্ষাবর্ষে
প্লে থেকে দাখিল ৯ম শ্রেণিতে
(মানবিক ও বিজ্ঞান বিভাগ)
ভর্তি চলছে
চলতি শিক্ষাবর্ষে প্লে শ্রেণি হতে দাখিল নবম শ্রেণি পর্যন্ত ভর্তি করা হবে।
প্লে শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী এবং ৬ষ্ঠ শ্রেণি হতে শুধুমাত্র ছাত্র ভর্তি করা হবে।
মাদ্‌রাসার অফিস হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
প্লে-২য় শ্রেণি পর্যন্ত তাৎক্ষণিক (মৌখিক ও লিখিত) পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য বাছাই করা হবে।
৪র্থ শ্রেণি হতে আবাসিকের সু-ব্যবস্থা
মাদ্‌রাসার বৈশিষ্ট্যাবলি
» ইসলাম ও আধুনিক তথ্য প্রযুক্তিমূলক শিক্ষার সমন্বয়।
» নৈতিক মানসম্পন্ন যোগ্য আলেম তৈরির লক্ষ্য।
» সুস্থ বিনোদন ও ইসলামী সংস্কৃতি চর্চা,জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ।
» শিক্ষার্থীদের যাতায়াতের জন্য নিজস্ব পরিবহনের ব্যবস্থা।
» অভিজ্ঞ শিক্ষক মন্ডলি দ্বারা শ্রেণি কার্যক্রম পরিচালিত।
» শিক্ষার্থীর জীবনের লক্ষ্য বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহন।
» সার্বক্ষনিক বিকল্প বিদুৎ এর ব্যবস্থা।
» নিয়মিত অভিভাবক সমাবেশের মাধ্যমে শিক্ষার্থী,শিক্ষক ও অভিভাবকের সমন্বয় সাধন।
» অমনোযোগী ও ব্যস্ত অভিভাবকদের সন্তানদের জন্য বিশেষ ব্যবস্থা।
» সার্বক্ষণিক অধ্যয়ন চালু রাখার জন্য বাড়ির কাজ, ক্লাস টেস্ট,মুল্যায়ন,অর্ধ-বার্ষিক,বার্ষিক পরীক্ষার ব্যবস্থা।
» নিয়মিত ডায়েরি সংরক্ষণের মাধ্যমে পাঠ মুল্যায়নের ব্যবস্থা।
» উন্নত স্বাস্থ্য সম্মত খাবার পরিবেশন ও আবাসনের ব্যবস্থা।
৩য় শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা ৩১ ডিসেম্বর , সকাল ১০ ঘটিকায়।
ভর্তি ফরম ও অন্যান্য তথ্যাবলি কার্যদিবসে সকাল ৮ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত মাদ্‌রাসা অফিসে পাওয়া যাবে।
ভর্তি শুরু ১ নভেম্বর হতে
ক্লাস শুরু ও ছবক অনুষ্ঠান ৩ জানুয়ারি
01716-365215, 01715-623342
প্রতিষ্ঠা ও পরিচালনায় ঃআল-কাউসার ট্রাস্ট, হাজীগঞ্জ।

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটরঃ মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, চামড়ার, রক্তস্বল্পতা, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিনমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস্)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, জন্ম (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ল্যাপারোস্কোপি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, প্যাপারেন্ডপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএস (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
সিসিডি (বারডেম), ডিএমইটি এডমেশ (অস্ট্রেলিয়া)
ব্রেস্ট ইন ডিজিজ (সেলেক্টিভ)
সহকারী রেজিষ্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসর সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কোপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
এনআইসিইউ পিআইসিইউ সেন্ট্রাল অক্সিজেন
মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ ***অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান***, সম্পাদক ও প্রকাশক ঃ ***এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া***, নির্বাহী সম্পাদক ঃ ***মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী***, যুগ্ম সম্পাদক : ***আব্দুস শুকুর মস্তান***, ব্যবস্থাপনা সম্পাদক ঃ ***এ্যাডভোকেট শাহজাহান খান***, যুগ্ম বার্তা সম্পাদক ঃ ***আদনান আল মুরাদ***, মফস্বল সম্পাদক ঃ ***এম এ গফুর***, বিশেষ প্রতিনিধি ঃ ***আবু সুফিয়ান ভূইয়া***, আইটি ইনচার্জ ঃ

দৈনিক চাঁদপুর দিগন্ত
বৃহস্পতিবার ॥ ১৯ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

যশোরে টিএসপি সারের সংকট
কৃষি উৎপাদন ও মাছ চাষে ক্ষতি যেন না হয়

যশোর জেলায় প্রয়োজনমতো সার না পেয়ে কৃষক ও মৎস্যচাষিদের বিপাকে পড়ার খবর সম্প্রতি প্রথম আলোর এক প্রতিবেদনে উঠে এসেছে। আগামী জুন পর্যন্ত জেলায় টিএসপির চাহিদার তুলনায় বরাদ্দে ঘাটতি রয়েছে প্রায় ৪৫ শতাংশ। মাঠপর্যায়ে স্বল্পতার স্পষ্ট চিত্র থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে 'সারের কোনো সংকট নেই' বলে যে দাবি করা হচ্ছে, তা বাস্তবতার সঙ্গে মোটেও সামঞ্জস্যপূর্ণ নয়। এই অস্বীকার চলমান সংকট সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদাসীনতারও লক্ষণ। প্রথম আলোর প্রতিবেদন থেকে জানা যাচ্ছে, গত অক্টোবর থেকে আগামী জুন পর্যন্ত ৯ মাসে জেলায় টিএসপি সারের চাহিদা ছিল ১৯ হাজার ১১২ মেট্রিক টন। কিন্তু ঘাটতি ৮ হাজার ৬১২ মেট্রিক টন, যা মোট চাহিদার ৪৫ দশমিক ০৭ শতাংশ ঘাটতি। জেলা কৃষি কর্মকর্তাও স্বীকার করেছেন, ইউরিয়া ও ডিএপির বরাদ্দের তুলনায় টিএসপির বরাদ্দের ঘাটতি বেশি।

ইতিমধ্যে কৃষি বিভাগ থেকে টিএসপির ঘাটতি ডিএপি দিয়ে মেটানোর পরামর্শ দেওয়া হলেও বাস্তবিক অভিজ্ঞতার কারণে কৃষকেরা তা মানতে আগ্রহী নন।

কচুয়ায় শিশু ফাহমিদা

আক্তার ও সাহেরা খাতুনসহ অন্যরা। মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, শিশু ফাহমিদার বাবা আমিন মিয়া অসুস্থ থাকার সুযোগে তার মা শারমিন আক্তার অন্য সম্পর্কে জড়িয়ে পড়েন। এরই ধারাবাহিকতায় গত ২৪ মার্চ মধ্যরাতে ঘুমের ওষুধ খাইয়ে ফাহমিদাকে অচেতন করে কম্বল পেঁচিয়ে শ্বাসরোধে হত্যা করা হয়েছে বলে তাঁদের দাবি।

বক্তারা আরও অভিযোগ করেন, ঘটনার পর বিষয়টিকে স্বাভাবিক মৃত্যু হিসেবে প্রচার করে শিশুটিকে নিজ গ্রামে দাফন করা হয়। পরবর্তীতে পরিবারের পক্ষ থেকে বিষয়টি সামাজিকভাবে সমাধানের চেষ্টা করা হলেও কোনো সমাধান না হওয়ায় এবং ঘটনার বিভিন্ন দিক বিবেচনায় নিয়ে নিহতের বাবা আমিন মিয়া ন্যায়বিচারের আশায় চাঁদপুরের বিজ্ঞ আদালতের শরণাপন্ন হন। পরে গত ২০ এপ্রিল আদালতে একটি হত্যা মামলা দায়ের করা হয়।

মামলার বাদীপক্ষের ভাষ্য অনুযায়ী, আদালত মামলাটি আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) এক মাসের মধ্যে কবর থেকে লাশ উত্তোলন, ময়নাতদন্ত সম্পন্ন এবং তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন।

তবে মামলার বর্তমান বাদী শফিকুল ইসলাম অভিযোগ করেন, মামলার তদন্ত কর্মকর্তা পিবিআইয়ের উপপরিদর্শক (এসআই) ইমারত হোসেন সরেজমিনে যথাযথ তদন্ত না করে প্রতিপক্ষের দ্বারা প্রভাবিত হয়ে প্রায় সাড়ে পাঁচ মাস পর আদালতে একতরফা ও মনগড়া তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

তিনি বলেন, তদন্ত প্রতিবেদনে সন্তুষ্ট না হওয়ায় বাদীপক্ষ এর বিরুদ্ধে আপত্তি জানিয়েছে এবং পুনঃতদন্তের দাবি জানিয়েছে। আগামী ২৯ নভেম্বর এ বিষয়ে আদালতে শুনানির দিন ধার্য রয়েছে বলে জানান তিনি।

মানববন্ধনে বক্তারা বলেন, শিশু ফাহমিদার মৃত্যুর প্রকৃত রহস্য উদ্ঘাটন, ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত এবং জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। কোনো পক্ষের প্রভাব বা পক্ষপাতিত্ব ছাড়াই তদন্ত কার্যক্রম সম্পন্ন করে প্রকৃত ঘটনা উদ্ঘাটনের জন্য সংশ্লিষ্ট প্রশাসন ও বিচার বিভাগের প্রতি তাঁরা আহ্বান জানান।

এ সময় তাঁরা শিশু ফাহমিদা আক্তারের মৃত্যুর ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত না হওয়া পর্যন্ত তাঁদের দাবি অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

হাজীগঞ্জে ট্রাক-মোটরসাইকেল

কুমিল্লায় রেফার করেন। পরে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে অ্যাম্বুলেন্সেই মারা যান তিনি। হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির ৩নং ওয়ার্ডের কমিশনার মহিউদ্দিন মাইনু মিয়াজী বলেন, গত ২০ বছর ধরে জাকির আমাদের এলাকায় (টোরাগড়) বসবাস করে আসছেন। তাঁর এই অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে পরিবার, স্বজন ও নিজ গ্রামসহ পুরো টোরাগড় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মানবসভ্যতার প্রতিটি উন্নয়নের

নিজেদের পেশাগত দায়িত্ব পালন করে দেশের উন্নয়নে অবদান রাখতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আইডিইবি চাঁদপুর জেলা শাখার সভাপতি ও মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মোঃ সালাহ উদ্দিন।

উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁদপুর, আশরাফুল আরাফাত এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রকৌশলী মোঃ হারুনুর রশিদ চৌধুরী, আইডিইবি কেন্দ্রীয় কমিটি এবং উপ-বিভাগীয় প্রকৌশলী গণপূর্ত (ই/এম) উপ-বিভাগ, চাঁদপুর, (কুমিল্লা অঞ্চল) যুগ্ম আহবায়ক, প্রকৌশলী মো: সাখাওয়াত হোসেন।

আইডিইবি চাঁদপুর জেলা শাখার নতুন কমিটি ঘোষণা :

এদিকে, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) চাঁদপুর জেলা নির্বাহী কমিটির ২০২৬-২৮ মেয়াদের সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়েছে। জেলা নির্বাচন কমিশনের স্মারক নং- আইডিইবি/নিক-চাঁদপুর/সি-১/২০২৬/০১, তারিখ ২৫ মে ২০২৬ ইং-এর আলোকে অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মোঃ সালাহ উদ্দিন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন বিআইডব্লিউটিএ চাঁদপুরের মোঃ নাসির উদ্দিন ভূঁইয়া।

কমিটির সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের মোহাম্মদ ফারুক হোসেন সরকার এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি চাঁদপুর সদরের সৈয়দ ইসরাত ফেরদৌসী। যুগ্ম সম্পাদক হয়েছেন চাঁদপুর যান্ত্রিক পওর বিভাগের মোঃ নাছির উদ্দীন। অর্থ সম্পাদক হয়েছেন চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর মোঃ আবুল কালাম আজাদ এবং সাংগঠনিক সম্পাদক হয়েছেন একই প্রতিষ্ঠানের মোঃ মেহেদী হাসান।

চাকরি বিষয়ক সম্পাদক নির্বাচিত হয়েছেন গণপূর্ত বিভাগ, চাঁদপুরের উপ-সহকারী প্রকৌশলী আশরাফুল আরাফাত। গ্রন্থাগার ও দপ্তর সম্পাদক হয়েছেন চাঁদপুর পানি উন্নয়ন বিভাগের মোঃ মাজহারুল ইসলাম। জনসংযোগ ও প্রচার সম্পাদক হয়েছেন মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগের মোঃ রেজাউল করিম। সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক হয়েছেন চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটের মোঃ খোরশেদ আলম খান। সমাজকল্যাণ সম্পাদক হয়েছেন এলজিইডি চাঁদপুরের মোঃ জামাল মৃধা। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হয়েছেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুরের মোঃ রাকিব হাসান।

তথ্য ও গবেষণা সম্পাদক নির্বাচিত হয়েছেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), চাঁদপুরের মোঃ সাইফুল ইসলাম। মহিলা বিষয়ক সম্পাদক হয়েছেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী ফাতেমা আক্তার। শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক হয়েছেন চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের মনির আহমেদ ভূঁইয়া এবং ছাত্র বিষয়ক সম্পাদক হয়েছেন চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউটের মোঃ মামুন মিয়া।

নির্বাহী সদস্য নির্বাচিত হয়েছেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চাঁদপুরের মোঃ হাবিবুর রহমান, এলজিইডি চাঁদপুরের মোস্তাকীম মিজি, চাঁদপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের মোঃ ইমতিয়াজ আহম্মেদ এবং রিলায়েন্স সয়েল ইঞ্জিনিয়ার্সের মাহবুব হাসান।

এ ছাড়া নির্বাচিত কাউন্সিলররা হলেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, চাঁদপুরের মোঃ মোস্তাফিজুর রহমান ও মোঃ জামাল হোসেন এবং গণপূর্ত বিভাগের উপ-সহকারী প্রকৌশলী আজাদুর রহমান।

অনুষ্ঠানে আইডিইবির নেতৃবৃন্দ, নবনির্বাচিত কমিটির সদস্য, বিভিন্ন পর্যায়ের প্রকৌশলী, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী ও সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

ফরিদগঞ্জে শ্যালক হত্যায়

ও আসামির স্ত্রী আঞ্জুমা বেগমকে বিভিন্ন সময় শারীরিক নির্যাতন করতো আসামি শাহাদাত হোসেন সরদার। পরে আঞ্জুমা বেগম নারী ও শিশু নির্যাতন ট্র্যাইবুনালে যৌতুক মামলা দায়ের করেন ওই মামলার জেরে আসামি ক্ষিপ্ত হয়ে উঠে। পরে ২০২২ সালের ১৯ এপ্রিল ঘটনার দিন সে ক্ষিপ্ত হয়ে এলোপাথাড়ি শ্যালক কামরুল হাসান রতন ও ভায়রা ভাই জসিম উদ্দিনকে কুপিয়ে গুরুতর জখম করে। এসময় পরিবারের সদস্য তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শ্যালক কামরুল হাসান রতনকে মৃত ঘোষণা করে। ঘটনার পরের দিন বাদী হয়ে ফরিদগঞ্জ থানায় হত্যা মামলা করেন নিহতের ছোট ভাই আরমান হোসেন। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ১৮ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ ও অন্যান্য বিচারিক কার্যক্রম সম্পন্ন করে আসামি শাহাদাত হোসেন সরদারকে মৃত্যুদণ্ডের আদেশ দেন। মামলায় আসামি পক্ষের আইনজীবী ছিলেন এডভোকেট সফিকুর রহমান।

নারায়ণপুরে বিএনপি'র বিক্ষোভ

নারায়ণপুর ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের যৌথ আয়োজনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিলটি নারায়ণপুর বাসস্ট্যান্ড থেকে শুরু করে নারায়ণপুর বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বাসস্ট্যান্ডে এসে শেষ হয়। প্রতিবাদ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক মোল্লা মো. জাকির।

মতলব দক্ষিণকে হারিয়ে

আক্রমণের কৌশল বেছে নেয়। প্রথমার্ধে উভয় দলের ফুটবলাররা সমান তালে লড়ে বল নিজেদের নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করলেও কোনো দলই গোলের দেখা পায়নি। গোলশূন্য ও সমানে সমানে লড়াইয়ে প্রথমার্ধের খেলা শেষ হয়।

বিরতির পর খেলার দৃশ্যপট সম্পূর্ণ বদলে যায়। দুই দলই কৌশলগত পরিবর্তন এনে গোলের জন্য মরিয়া হয়ে ওঠে। ম্যাচের ৫৫ মিনিটে জাদুকরি নৈপুণ্য দেখিয়ে আচমকা এক শটে ফরিদগঞ্জকে ১-০ গোলে এগিয়ে নেন ফরোয়ার্ড পুষ্প। এই গোলের রেশ কাটতে না কাটতেই আরেকটি দুর্দান্ত সংঘবদ্ধ আক্রমণ থেকে বল পেয়ে নিজের ও দলের পক্ষে দ্বিতীয় গোলটি আদায় করে নেন সেই পুষ্পই। ২-০ গোলের স্বস্তিদায়ক লিড নিয়ে ফাইনালের সুবাস পেতে শুরু করে ফরিদগঞ্জ। পরপর দুই গোল হজম করে পিছিয়ে পড়লেও দমে যায়নি মতলব দক্ষিণ উপজেলা দল। ম্যাচে ফেরার জন্য তারা প্রবল বিক্রমে ঝাঁপিয়ে পড়ে। খেলার শেষ পনেরো মিনিট মতলব দক্ষিণের ফুটবলাররা মুহুর্মুহু আক্রমণ শানিয়ে গ্যালারির উত্তেজনা বাড়িয়ে দেন। দলের পক্ষে সাগর দারুণ এক গোল শোধ করে ব্যবধান কমালে (২-১) ম্যাচে নাটকীয়তা ফিরে আসে। সমতা আনার জন্য তারা ফরিদগঞ্জের রক্ষণভাগে একের পর এক ভয়ংকর আক্রমণ চালায়। এ সময় ফরিদগঞ্জের রক্ষণভাগ কিছুটা এলোমেলো হয়ে পড়লেও, ফরোয়ার্ডদের গোল করার ব্যর্থতা এবং সুযোগ কাজে লাগাতে না পারার খেসারত দিতে হয় মতলব দক্ষিণকে। নিশ্চিত দুটি গোলের সুযোগ হাতছাড়া হওয়ায় হতাশা নিয়ে মাঠ ছাড়তে হয় তাদের। শেষ পর্যন্ত নির্ধারিত সময়ে ২-১ গোলের জয় নিয়ে ফাইনালের টিকিট নিশ্চিত করে মাঠ ছাড়ে ফরিদগঞ্জ।

ম্যাচজুড়ে উভয় দলই চমৎকার ফুটবল শৈল্পিকতা প্রদর্শন করেছে। বিশেষ করে পাসিং একিউরেসি এবং বল দখলের লড়াইয়ে দুই দলই ছিল প্রায় সমানে সমান (প্রায় ৪৯%-৫১%)। কারিগরি দিক থেকে দুই দলই মাঠে নিজেদের সেরাটা উজাড় করে দিলেও, ফিনিশিংয়ের দুর্বলতা এবং গোল করার সুযোগ হাতছাড়া করার মাশুল গুণেই মূলত টুর্নামেন্ট থেকে ছিটকে পড়তে হয়েছে লড়াকু মতলব দক্ষিণকে। অন্যদিকে, নিজেদের স্নায়ুচাপ ধরে রেখে সুযোগগুলো কাজে লাগিয়ে ফাইনাল নিশ্চিত করে ফরিদগঞ্জ।

আজ দ্বিতীয় সেমিফাইনাল: টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে আজ বৃহস্পতিবার (১৯ নভেম্বর) বিকেলে মুখোমুখি হবে মতলব উত্তর উপজেলা এবং টুর্নামেন্টের অন্যতম ফেভারিট চাঁদপুর সদর উপজেলা ক্রীড়া সংস্থা। এই ম্যাচের বিজয়ী দল ফাইনালে ফরিদগঞ্জ উপজেলার বিপক্ষে শিরোপা লড়াইয়ে লড়বে।

চাঁদপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

স্টুডেন্ট ক্লাব, চাঁদপুর'-এর উদ্যোগে এ আয়োজন করা হয়।

কর্মসূচির শুরুতে বিকেল ৪টায় শহরের বায়তুল আমীন চত্বর থেকে প্রাক্তন শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে চাঁদপুর প্রেস ক্লাবে গিয়ে শেষ হয়। পরে বিকেল ৫টা থেকে চাঁদপুর রোটারী ভবনে মূল অনুষ্ঠান শুরু হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এক্স স্টুডেন্ট ক্লাব, চাঁদপুরের সভাপতি মুশতাক আহমেদ খানের সভাপতিত্বে এবং অ্যাডভোকেট ভাস্কর দাসের সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চাঁবিপ্রবি) উপ-উপাচার্য (প্রো-ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ লোকমান হোসেন, চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার নাদিরা নূর, চাঁদপুর পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা হিমাদ্রী খীসা ,চাঁদপুর জেলা জজ কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মোবারক হোসেন, অ্যাডভোকেট কামাল উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানের শুরুতে অতিথিদের সঙ্গে নিয়ে বিশ্ববিদ্যালয়ের ৬০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়। এরপর পরিচিতি পর্ব, প্রাক্তন শিক্ষার্থীদের ক্যাম্পাস জীবনের স্মৃতি রোমন্থন এবং আসন্ন 'পিকনিক ২০২৬' আয়োজন নিয়ে সাংগঠনিক আলোচনা অনুষ্ঠিত হয়। সবশেষে চবির ঐতিহ্যবাহী 'শাটল ট্রেন সংগীত' পরিবেশন ও নৈশভোজের মাধ্যমে উৎসবের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানে বক্তারা বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যায়ে নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। পারস্পরিক ভ্রাতৃত্ববোধ ও প্রাণের বন্ধন অটুট রাখতে চাঁদপুরে অবস্থানরত সকল চবিয়ানকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান তারা।

শাহরাস্তিতে অবৈধ ইটভাটার

কার্যালয়ের পরিদর্শক শরমিতা আহমেদ লিয়া। এ সময় উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয়ের উপপরিচালক মো. মিজানুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

অভিযানে আইনশৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করে চাঁদপুর জেলা পুলিশের সদস্যরা ও আনসার ব্যাটালিয়ন। এছাড়া অগ্নিনির্বাপণ কার্যক্রমে সহযোগিতা করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা।

পরিবেশদূষণ রোধ ও অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

চাঁদপুর জেলা যুবদল

আজকে উপযুক্ত সময় এসেছে গোপালগঞ্জের নাম পাল্টে ফেলার। আমাদের নেতা তারেক রহমান পূচকা, ফুসকি কাউকে ভয় পায় না। বিএনপি মাটি ও মানুষের দল।

তিনি বলেন, বিএনপির ইতিহাসে কখনো নিষিদ্ধ হয়নি। চাঁদপুরের ৫টি আসনের এমপিদের নেতৃত্বে এগিয়ে যাবে চাঁদপুর জেলা। জেলার পাঁচজন বলিস্ট নেতৃত্বে জেলা হবে লীগ মুক্ত। চাঁদপুর একটি শান্তির শহর। তোমাদের নেত্রী আর দেশে আসবে না, তোমরা রাস্তায় আইসো না। কারণ রাজপথে জনগণ রয়েছে, তারা তোমাদেরকে প্রতিহত করবে। আমরা জ্বালাও পোড়াও বিশ্বাসী না। তবে কেউ জ্বালাপোড়াও ভাঙচুর করলে আমরা তাদেরকে ছেড়ে দেব না। জনগণের জান-মালের নিরাপত্তায় সবসময় মাঠে থাকবে বিএনপি।

জেলা যুবদলের নবগঠিত কমিটির সভাপতি অ্যাড. নুরুল আমিন খান আকাশের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ বাহারের পরিচালনায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি জসিম উদ্দিন খান বাবুল, খলিলুর রহমান গাজী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. হারুনুর রশীদ, সদর উপজেলা বিএনপির সভাপতি শাহাজালাল মিশন প্রমুখ।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মনির চৌধুরী, সহ-সভাপতি ডি এম শাহজাহান, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হযরত আলী ঢালী, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল কাদির বেপারী, সাংগঠনিক সম্পাদক শরীফ উদ্দিন পলাশ, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক নজরুল ইসলাম খান নজু, পৌর যুবদলের আহ্বায়ক শাহজাহান কবির খোকা, সদর উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান খান কাজল, পৌর যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ আব্দুর রাজ্জাক হাওলাদার, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী, সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ জেলা, সদর, পৌর, ১৪টি ইউনিয়ন ও পৌর ১৫টি ওয়ার্ড যুবদলের নেতা-কর্মীরা।

আ'লীগ কোনো রাজনৈতিক

নিষিদ্ধ সন্ত্রাসী দলটির বেপরোয়া সন্ত্রাসী কার্যক্রম কোনোভাবেই মেনে নেয়া যায় না।

বুধবার (১৮ নভেম্বর) জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনের সমাপনী বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার ও সংসদ যখন দেশকে স্বনির্ভর ও পুনর্গঠনের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে, ঠিক সেই সময় পতিত ও বিতাড়িত ফ্যাসিবাদী অপশক্তি বাংলাদেশের বিরুদ্ধে নতুন করে ষড়যন্ত্র ও সন্ত্রাস শুরু করেছে। তিনি প্রবাদ উল্লেখ করে বলেন, 'চোর না শুনে ধর্মের কাহিনী'–সুযোগ পেলেই এই দলটির চরিত্র যে কখনোই ঠিক হবে না, গত কয়েক দিনের ঘটনায় তা আবারো প্রমাণিত হয়েছে।

প্রধানমন্ত্রী তারেক রহমান অভিযোগ করেন, ওই সন্ত্রাসী দলের পলাতক নেত্রী সামাজিক যোগাযোগমাধ্যমে নির্দেশ দিয়েছেন গণতন্ত্রকামী জনগণের ঘরবাড়িতে আগুন জ্বালিয়ে দিতে এবং হত্যার জন্য তালিকা প্রস্তুত করতে। বেপরোয়া সন্ত্রাস চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ এই দলটি নিজেরাই প্রমাণ করেছে যে তারা কোনো রাজনৈতিক দল নয়, বরং তারা একটি চিহ্নিত 'সন্ত্রাসী গোষ্ঠী'।

বিদেশে অবস্থানরত এই সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয়দাতাদের প্রতি কড়া বার্তা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, যারা এই সন্ত্রাসীদের আশ্রয় দিয়ে বাংলাদেশকে অস্থিতিশীল করতে চায়, এর মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতাপ্রিয় জনগণের প্রতি তাদের মনোভাব স্পষ্ট হয়ে গেছে। তারা বাংলাদেশের গণতন্ত্রকামী মানুষের বদলে সন্ত্রাসীদের সাথেই সম্পর্ক রাখতে আগ্রহী। তবে দেশপ্রেমিক জনগণ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ কিংবা ২০২৪ সালের গণঅভ্যুত্থানে কারো বশ্যতা মেনে নেয়ার জন্য লড়াই করেনি।

ফ্যাসিবাদী অপশক্তির পুনরুত্থান ঠেকাতে দল-মত নির্বিশেষে গণতন্ত্রের পক্ষের সকল রাজনৈতিক শক্তিকে চব্বিশের মতো একমঞ্চে দাঁড়ানোর আহ্বান জানান প্রধানমন্ত্রী তারেক রহমান।

সংসদে প্রতিনিধিত্বকারী এবং সংসদের বাইরের সকল গণতান্ত্রিক দলের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, আসুন ঐক্যবদ্ধভাবে ৭ নভেম্বর এবং ৫ আগস্টের চেতনায় পতিত, পরাজিত ও তাবেদার অপশক্তির বিরুদ্ধে আমরা সকলে এক মঞ্চে দাঁড়াই।

তিন দশক আগে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার দেয়া স্লোগান স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, আবারো আজ সেই আওয়াজ তুলে বলি–ওদের হাতে গোলামীর জিঞ্জির, আমাদের হাতে স্বাধীনতার পতাকা।

বাংলাদেশকে আর কখনোই কোনো তাবেদারের হাতে সঁপে দেয়া হবে না উল্লেখ করে সংসদ নেতা দৃঢ়তার সঙ্গে বলেন, যাদের হাতে গোলামীর জিঞ্জির, সেই তাবেদারি শক্তিকে বাংলাদেশের গণতন্ত্রকামী জনগণ আর মাথা তুলে দাঁড়াতে দেবে না; মাথা তুলে দাঁড়ানোর আগেই তাদের বিষদাঁত ভেঙে দেয়া হবে।

চব্বিশের চেতনায় ঐক্যবদ্ধ হয়ে পতিত স্বৈরাচারের যেকোনো অপতৎপরতা রুখে দেয়ার শপথ নিয়ে তিনি অধিবেশনের সমাপনী বক্তব্য শেষ করেন।

চাঁদপুরে অটোরিকশা

হারিয়ে দুই সন্তান নিয়ে এখন চরম দিশেহারা স্ত্রী ময়না বেগম।

এদিকে হত্যাকাণ্ডের এ ঘটনায় অভিযুক্তের শ্বশুর ফিরোজ পাটোয়ারীকে আটক করেছে চাঁদপুর সদর মডেল থানা পুলিশ।

পুলিশ জানিয়েছে, ঘটনার মূল অভিযুক্ত সিদ্দিককে গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। অন্যদিকে, এ নির্মম হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন নিহতের স্বজন ও এলাকাবাসী।

ঐক্যে ফাটল ধরায় পলাতক

বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি ও চলমান অস্থিরতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে এসব কথা বলেন।

সংসদে দেওয়া বক্তব্যে ডা. শফিকুর রহমান উল্লেখ করেন, গত কয়েকদিন ধরে সারা দেশে পলাতক ফ্যাসিস্টদের দোসরদের ব্যাপক নাশকতা ও সহিংসতা প্রত্যক্ষ করা যাচ্ছে। বিশেষ করে গার্মেন্টস শ্রমিকদের ন্যায্য মজুরির আন্দোলনের আড়ালে লেদার ফ্যাক্টরি, সিরামিক ফ্যাক্টরি এবং বিদ্যুৎ অফিসে হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় একটি 'তৃতীয় অপশক্তি' বা বহিরাগত দুষ্কৃতিকারীদের উস্কানি রয়েছে বলে তিনি অভিযোগ করেন। ব্যাকপ্যাক নিয়ে মিছিলে ঢুকে পড়া এসব দুষ্কৃতিকারীদের চিহ্নিত করে অবিলম্বে আইনের আওতায় আনার দাবি জানান বিরোধীদলীয় নেতা।

দেশের রপ্তানি আয়ের প্রধান উৎস শিল্পখাতকে ধ্বংস করার ষড়যন্ত্র চলছে উল্লেখ করে জামায়াত আমির বলেন, অভ্যন্তরীণ ও আঞ্চলিক ষড়যন্ত্রের কারণে দেশের অর্থনীতি ঝুঁকির মুখে পড়ছে। চলমান নাশকতা ও অগ্নিসংযোগের ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রী সংসদে বক্তব্য দিলেও সরকারের সুনির্দিষ্ট নীতিকৌশল ও দৃশ্যমান অগ্রগতি এখনো জাতির সামনে স্পষ্ট হয়নি বলে তিনি মন্তব্য করেন।

চব্বিশের গণ-অভ্যুত্থানের শহীদ ও যোদ্ধাদের আকাঙ্ক্ষা অনুযায়ী গণভোটের গণরায় এবং 'জুলাই সনদ' দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়ে ডা. শফিকুর রহমান বলেন, জাতীয় ঐক্য অটুট রাখা গেলে কোনো অপশক্তিই আর মাথাচাড়া দিয়ে উঠতে পারবে না। পলাতক স্বৈরাচারের দোসরদের সব ধরনের নাশকতা কঠোর হাতে দমন করে জনগণের জানমাল ও রাষ্ট্রীয় সম্পদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের প্রতি জোর আহ্বান জানান তিনি।

চাঁদপুরে ডেঙ্গুর দাপট

৭ জন। দুপুর পর্যন্ত নতুন করে ভর্তি হয়েছেন ১ জন এবং চিকিৎসা শেষে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরেছেন ২ জন। অপরদিকে পুরুষ ওয়ার্ডে ভর্তি ছিলেন ১৬ জন। এদিন দুপুর পর্যন্ত নতুন কোনো রোগী ভর্তি না হলেও চিকিৎসা শেষে ছাড়পত্র পেয়েছেন ৬ জন। হাসপাতালে পর্যাপ্ত বিছানা সংকটে এসব রোগীদের চিকিৎসাসেবা দিতে গিয়ে হিমশিম খাচ্ছেন, হাসপাতালের চিকিৎসক ও নার্সরা।

ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে হাসপাতালের দ্বিতীয় ও চতুর্থ তলায় পৃথক ডেঙ্গু ওয়ার্ডের ব্যবস্থা করা হয়েছে। রোগীর সংখ্যা ও পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনীয় চিকিৎসা এবং সেবা প্রদানে প্রস্তুতি রেখেছে হাসপাতাল কর্তৃপক্ষ।

চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহাবুবুর রহমান চাঁদপুর টাইমসকে জানান, গত দুই থেকে তিন মাস ধরেই হাসপাতালে ডেঙ্গু রোগীর উপস্থিতি তুলনামূলক বেশি। বছরের এ সময়টাতে সাধারণত ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পায়। তাই বিষয়টি বিবেচনায় রেখে হাসপাতাল কর্তৃপক্ষ আগে থেকেই প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করে থাকে।

তিনি বলেন, ডেঙ্গু পরিস

সিলেটের বৈচিত্র্যময় ভ্রমণ

জাফলং থেকে রাতারগুল

দিগন্ত ডেস্ক

সিলেটের প্রকৃতি, ইতিহাস, ধর্মীয় ঐতিহ্য ও সংস্কৃতি মিলিয়ে গড়ে উঠেছে বৈচিত্র্যময় এক পর্যটনভূমি। পাহাড় বেয়ে নেমে আসা স্বচ্ছ পানির ধারা, পাথরে ছাওয়া নদী, দিগন্তজোড়া চা-বাগান ও বর্ষায় পানিতে ডুবে থাকা রাতারগুলের বনভূমি প্রতি বছর অসংখ্য পর্যটককে আকর্ষণ করে। এর সঙ্গে রয়েছে সুফি-সাধকদের স্মৃতি, ঔপনিবেশিক আমলের স্থাপনা ও শত বছরের ইতিহাস।



বাংলাদেশ পর্যটন বোর্ডের তালিকায়ও জাফলং, লালাখাল, রাতারগুল, বিছনাকান্দি এবং শাহজালাল (রহ.)-এর মাজার সিলেটের উল্লেখযোগ্য পর্যটন গন্তব্য হিসেবে স্থান পেয়েছে। সিলেট ভ্রমণ শুধু কয়েকটি দর্শনীয় স্থান ঘুরে দেখার মধ্যে সীমাবদ্ধ নয়। নগরীর ঐতিহাসিক স্থাপনা থেকে সীমান্তঘেঁষা পাহাড়ি জনপদ–প্রতিটি স্থানের রয়েছে নিজস্ব ইতিহাস, বৈশিষ্ট্য ও সৌন্দর্য।

সিলেটের পরিচয়ের সঙ্গে সবচেয়ে গভীরভাবে জড়িয়ে থাকা স্থানগুলোর একটি শাহজালাল (রহ.)-এর মাজার। এটি শুধু ধর্মীয় স্থান নয়, সিলেটের ইতিহাস ও সাংস্কৃতিক ঐতিহ্যেরও গুরুত্বপূর্ণ অংশ। দেশের বিভিন্ন অঞ্চল থেকে ভক্ত ও দর্শনার্থীরা এখানে আসেন শ্রদ্ধা জানাতে।

সিলেট নগরের প্রাণকেন্দ্রে একটি উঁচু টিলার ওপর অবস্থিত এই মাজারকে ঘিরে দীর্ঘদিন ধরে গড়ে উঠেছে নানা ধর্মীয় ও সামাজিক ঐতিহ্য। এ কারণে সিলেটের পর্যটন মানচিত্রেও এর গুরুত্ব বিশেষ। মাজার এলাকায় গেলে ধর্মীয় আবহের পাশাপাশি পুরোনো সিলেট নগরের ঐতিহ্যেরও ছাপ পাওয়া যায়। দেশি-বিদেশি অনেক পর্যটক সিলেট সফরের শুরুতেই এই ঐতিহাসিক স্থানটি পরিদর্শন করেন।

সিলেটের আরেক গুরুত্বপূর্ণ ঐতিহ্য শাহী ঈদগাহ ময়দান। নামের মধ্যেই এর পরিচয়। এটি ঐতিহাসিক শাহী ঈদগাহ ময়দান, যেখানে দীর্ঘকাল ধরে ঈদের জামাত অনুষ্ঠিত হয়ে আসছে।

সিলেট জেলা অফিসের তথ্য অনুযায়ী, মোগল আমলে ফৌজদার ফরহাদ খাঁ এই ঈদগাহ নির্মাণ করেন। কারুকার্যখচিত স্থাপনাটিতে ২২টি সিঁড়ি বেয়ে মূল অংশে উঠতে হয় এবং সেখানে ১৫টি গম্বুজ রয়েছে। আধুনিক ডিজাইনে নির্মিত করা হয়েছে উচ্চ মিনার। তবে শাহী ঈদগাহের গুরুত্ব শুধু ধর্মীয় নয়, রাজনৈতিক ও ঐতিহাসিকও। ১৭৮২ সালে সহোদর সৈয়দ মোহাম্মদ হাদী ও সৈয়দ মোহাম্মদ মেহেদীর নেতৃত্বে এখানে ইংরেজবিরোধী অভ্যুত্থান সংঘটিত হয়েছিল বলে ঐতিহাসিক তথ্যে উল্লেখ রয়েছে। পরবর্তী সময়ে মহাত্মা গান্ধী, মোহাম্মদ আলী জিন্নাহ, হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও শেরে বাংলা এ কে ফজলুল হকের মতো রাজনৈতিক ব্যক্তিত্বের উপস্থিতিও এ স্থানটির ঐতিহাসিক গুরুত্ব বাড়িয়েছে।

সুরমার ওপর দাঁড়িয়ে থাকা ক্বিন ব্রিজ

সিলেটে প্রবেশের অন্যতম পরিচিত প্রতীক ক্বিন ব্রিজ। সুরমা নদীর ওপর দাঁড়িয়ে থাকা এই সেতু যেন পুরোনো সিলেটের সঙ্গে বর্তমান নগরীর একটি ঐতিহাসিক সংযোগ। ব্রিটিশ আমলের প্রশাসনিক ইতিহাসের সঙ্গে ক্বিন ব্রিজের নাম জড়িয়ে আছে।

সিলেট জেলা প্রশাসনের তথ্য অনুযায়ী, গত শতকের ত্রিশের দশকে (১৯৩৬ সালে নির্মিত) আসাম প্রদেশের গভর্নর মাইকেল ক্বিনের নাম থেকেই সেতুটির নামকরণ করা হয়। দীর্ঘদিনের ব্যবহারে এটি সিলেটের অন্যতম পরিচিত ঐতিহাসিক নিদর্শনে পরিণত হয়েছে।

সেতুর ওপর দাঁড়িয়ে সুরমা নদীর প্রবাহ দেখা, নদীর দুই তীরের নগরজীবন উপভোগ করা কিংবা পুরোনো সিলেটের স্থাপত্য ও ইতিহাসের সঙ্গে পরিচিত হওয়া–সব মিলিয়ে ক্বিন ব্রিজ শহুরে পর্যটনের গুরুত্বপূর্ণ অংশ।

জাফলং, সাদাপাথর আর বিছনাকান্দি

সিলেটের পর্যটনের কথা উঠলে প্রথম সারিতেই আসে জাফলং। খাসিয়া-জৈন্তা পাহাড়ের পাদদেশে অবস্থিত পিয়াইন নদীর উৎপত্তিস্থল। এই সীমান্তবর্তী অঞ্চল পর্যটকদের কাছে 'প্রকৃতি কন্যা' হিসেবেও পরিচিত।

জাফলংয়ের সৌন্দর্যের মূল আকর্ষণ হলো পাহাড়, নদী ও পাথরের সমন্বয়। পিয়াইন নদীর স্বচ্ছ পানি, নদীর বুকে ছড়িয়ে থাকা পাথর, ওপারে ভারতের পাহাড়, ডাউকি অঞ্চলের পাহাড়ি জলধারা এবং ঝুলন্ত ডাউকি ব্রিজ–সব মিলিয়ে এখানে তৈরি হয়েছে অনন্য ভূদৃশ্য।

বর্ষায় পাহাড়ি পানির প্রবাহ ও সবুজের আধিক্য জাফলংকে দেয় এক রূপ; শুষ্ক মৌসুমে পাথর ও নদীর স্বচ্ছতা সামনে আসে অন্যভাবে। তাই ঋতু পরিবর্তনের সঙ্গে জাফলংয়ের সৌন্দর্যও বদলে যায়।

কোম্পানীগঞ্জের ভোলাগঞ্জে অবস্থিত সাদাপাথর সিলেটের নতুন প্রজন্মের পর্যটন আকর্ষণগুলোর অন্যতম। নাম থেকেই বোঝা যায়, এখানে পাথরই সৌন্দর্যের অন্যতম প্রধান উপাদান।

ভারতীয় সীমান্তঘেঁষা পাহাড় থেকে নেমে আসা স্রোতধারা, নদী ও সাদা পাথরের বিস্তীর্ণ উপস্থিতি এ অঞ্চলকে আলাদা বৈশিষ্ট্য দিয়েছে। সিলেট জেলা প্রশাসনের তথ্য অনুযায়ী, ভোলাগঞ্জ সাদাপাথর সিলেট শহর থেকে প্রায় ৩৩ কিলোমিটার দূরে এবং মূল পর্যটন স্পটে যেতে নৌপথ ব্যবহার করা হয়।

পাথরের ওপর দিয়ে বয়ে যাওয়া স্বচ্ছ পানি, চারপাশের পাহাড় এবং নীল-সবুজ প্রকৃতি সাদাপাথরকে ছবি তোলার পাশাপাশি প্রকৃতির কাছাকাছি সময় কাটানোর জন্য জনপ্রিয় করে তুলেছে।

গোয়াইনঘাটের রুস্তমপুর ইউনিয়নের বিছনাকান্দি যেন পাহাড়, নদী, পাথর ও মেঘের একসঙ্গে তৈরি প্রাকৃতিক মঞ্চ। এটি বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকা এবং খাসিয়া পাহাড়ের পাদদেশে অবস্থিত। পাহাড় থেকে নেমে আসা পানির সঙ্গে বড় বড় পাথর এসে জমে তৈরি করেছে এখানকার বিশেষ ভূদৃশ্য।

বর্ষাকালে পাহাড়ি পানির প্রবাহ বাড়লে বিছনাকান্দির সৌন্দর্যও বহুগুণ বেড়ে যায়। পর্যটন বোর্ডের তথ্যেও বর্ষাকালকে এ অঞ্চলের সৌন্দর্য উপভোগের উপযুক্ত সময় হিসেবে উল্লেখ করা হয়েছে।

বিস্তীর্ণ চা-বাগান

সিলেটের সঙ্গে চা-বাগানের সম্পর্ক এতটাই গভীর যে চা-বাগান ছাড়া সিলেটের পর্যটনচিত্র কল্পনা করা কঠিন। শহরের কাছাকাছি মালনীছড়া ও লাক্কাতুরাসহ বিভিন্ন চা-বাগানের সারি সিলেটের ভূদৃশ্যকে দিয়েছে স্বতন্ত্র পরিচয়।

মালনীছড়া চা-বাগান সিলেট শহরের উপকণ্ঠে অবস্থিত এবং শহরের কেন্দ্র থেকে তুলনামূলক সহজেই সেখানে যাওয়া যায়। লাক্কাতুরা চা-বাগানও বিমানবন্দর সড়কের পাশে অবস্থিত। সারি সারি চা-গাছ, ঢেউ খেলানো সবুজ টিলা, শ্রমিকদের চা পাতা সংগ্রহের দৃশ্য এবং বাগানের নিরিবিলি পরিবেশ পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণ তৈরি করে। একই সঙ্গে চা-বাগান সিলেটের অর্থনীতি, শ্রমজীবী মানুষের জীবন এবং ঔপনিবেশিক সময় থেকে গড়ে ওঠা চা-শিল্পের ইতিহাসের সঙ্গেও যুক্ত।

সিলেটের পর্যটনকে শুধু পাহাড়, নদী কিংবা জলপ্রপাত দিয়ে ব্যাখ্যা করা যায় না। শাহজালাল (রহ.)-এর মাজারে আধ্যাত্মিকতা, শাহী ঈদগাহে ইতিহাস, ক্বিনব্রিজে ঔপনিবেশিক স্মৃতি, জাফলংয়ে পাহাড়-পাথর, লালাখালে নদীর স্বচ্ছতা, সাদাপাথরে পাথরের সৌন্দর্য, বিছনাকান্দিতে পাহাড়ি জলধারা, পাংথুমাইয়ে জলপ্রপাত, রাতারগুলে জলাবন আর চা-বাগানে সবুজ অর্থনীতি। সব মিলিয়ে সিলেটের পর্যটন একটি বহুমাত্রিক অভিজ্ঞতা।

এই বৈচিত্র্যই সিলেটকে অন্য অনেক পর্যটন অঞ্চলের চেয়ে আলাদা করে। একই ভ্রমণে একজন পর্যটক যেমন প্রকৃতির কাছে যেতে পারেন, তেমনি জানতে পারেন ইতিহাস, ধর্মীয় ঐতিহ্য, সীমান্তবর্তী মানুষের জীবন ও চা-শিল্পের গল্প। আর তাই সিলেট কেবল একটি গন্তব্য নয়। এ যেন পাহাড়, নদী, পাথর, বন, চা আর মানুষের গল্পে লেখা একটি জীবন্ত ভ্রমণকাব্য।

পানির নিচে সবুজ বন


সিলেটের পর্যটনে সবচেয়ে ব্যতিক্রমী নামগুলোর একটি রাতারগুল সোয়াম্প ফরেস্ট। এটি গোয়াইনঘাট উপজেলার ফতেহপুর ইউনিয়নে অবস্থিত একটি মিঠাপানির জলাবন। বাংলাদেশ পর্যটন বোর্ডের তথ্য অনুযায়ী, এটি বাংলাদেশের একমাত্র সোয়াম্প ফরেস্ট হিসেবে পরিচিত।

বর্ষাকালে পানির উচ্চতা বেড়ে গেলে বনের বড় অংশ পানির নিচে চলে যায়। তখন নৌকায় করে গাছের সারির মধ্য দিয়ে এগিয়ে যাওয়ার অভিজ্ঞতা তৈরি হয়। পানির ওপর গাছের প্রতিচ্ছবি, নীরব পরিবেশ এবং বনের ভেতরের সরু জলপথ রাতারগুলকে অন্য যেকোনো পর্যটন স্পটের চেয়ে আলাদা করে তুলেছে।

রাতারগুল শুধু সৌন্দর্যের জায়গা নয়; এটি জীববৈচিত্র্যের জন্যও গুরুত্বপূর্ণ একটি প্রাকৃতিক পরিবেশ। বন ও জলাভূমির এই মেলবন্ধন সিলেটের পরিবেশগত বৈচিত্র্যের একটি গুরুত্বপূর্ণ উদাহরণ।







উত্তরণের উপায়: মধ্য বয়সের সংকট

ডা. কামাল

জীবনের একটা নির্দিষ্ট বয়সে এসে মানুষ কেমন যেন বদলে যেতে শুরু করে। বাইরের পৃথিবীটা হয়তো আগের মতোই থাকে, পরিচিত মানুষগুলোও থাকে, সংসার চলে তার নিজস্ব নিয়মে, কর্মক্ষেত্রের ব্যস্ততাও কমে না; অথচ নিজের ভেতরে কোথায় যেন একটা অদৃশ্য পরিবর্তন ঘটে যায়। মনে হয়, প্রকৃতি থেকে কোমলতা একটু একটু করে বিদায় নিচ্ছে, চারপাশে জমছে রুক্ষতার ধুলো। আর মনের গোপন কুঠুরিতে জন্ম নিচ্ছে কিছু অযাচিত বেদনা, যার কোনো সুনির্দিষ্ট কারণ খুঁজে পাওয়া যায় না। মনোবিজ্ঞানের ভাষায় জীবনের এই অধ্যায়কে অনেক সময় বলা হয় গরফষরভব ঈৎরংরং বা মধ্য বয়সের সংকট। সাধারণত চল্লিশ থেকে পঞ্চান্ন বছরের মধ্যে অনেক মানুষ জীবনের হিসাবনিকাশ নতুন করে করতে শুরু করেন। এতদিন যে জীবনকে সাফল্য বলে মনে হয়েছে, হঠাৎ করেই তার মধ্যে কিছু অপূর্ণতার হিসাব চোখে পড়ে। মনে হয়, অনেক কিছু অর্জন করেছি, অথচ কোথায় যেন নিজেকেই হারিয়ে ফেলেছি। একসময় যে আয়নাটির সামনে দাঁড়িয়ে নিজের চেহারা দেখে আত্মবিশ্বাসে বুক ভরে উঠত, এখন সেই আয়নাই যেন কিছু অপ্রিয় সত্য মনে করিয়ে দেয়। কপালের ভাঁজ, চোখের কোণের বলিরেখা, মাথার চুলে রুপালি আভা–সবকিছু মিলে বয়সের এক নীরব বিজ্ঞপ্তি প্রকাশ করে। শরীর তখন আর সব আবদার মেনে চলে না। রাত জেগে কাজ করলে পরদিন ক্লান্তি পিছু ছাড়ে না। একটু বেশি হাঁটলে হাঁটুতে আপত্তি, একটু বেশি খেলে পেটে প্রতিবাদ। অথচ মনের ভেতর সেই তরুণ বয়সের দুরন্ত মানুষটি তখনো দিব্যি বেঁচে থাকে। সে এখনো নতুন কিছু করতে চায়, অজানাকে জানতে চায়, ভালোবাসতে চায়, স্বপ্ন দেখতে চায়। কিন্তু বাস্তবতার দেয়াল তাকে বারবার মনে করিয়ে দেয়–সব ইচ্ছারও একটা বয়স আছে!

কেন এমন হয় : কারণ বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মানুষের চাহিদা অনেক সময় বস্তুগত বিষয় থেকে আবেগীয় নিরাপত্তার দিকে সরে যায়। আগে যে মানুষটি দামি উপহার পেলে খুশি হতেন, এখন হয়তো তার কাছে সবচেয়ে দামি উপহার হলো কেউ একটু সময় নিয়ে তার কথা শুনুক। এক কাপ চা হাতে নিয়ে পাশে বসুক। বলুক, 'তোমার দিনটা কেমন কাটল?' এটুকুই যথেষ্ট।

উত্তরণের উপায় : প্রথমত, নিজেকে বয়সের সঙ্গে প্রতিযোগিতায় না নামানো। পঁচিশ বছরের উদ্যম আর পঞ্চাশ বছরের প্রজ্ঞা এক জিনিস নয়। দুটির সৌন্দর্য আলাদা। দ্বিতীয়ত, নিজের জন্য কিছুটা সময় রাখা। নিজের পছন্দের বই পড়া, গান শোনা, ভ্রমণ করা, বাগান করা, পুরোনো বন্ধুদের সঙ্গে দেখা করা। তৃতীয়ত, সম্পর্কের ক্ষেত্রে প্রত্যাশা কিছুটা কমিয়ে আন্তরিকতা বাড়ানো। চতুর্থত, শরীরের যত্ন নেওয়া। নিয়মিত হাঁটা, পরিমিত খাবার খাওয়া, পর্যাপ্ত ঘুমানো, প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করানো। শরীর ভালো থাকলে মনের আকাশেও রোদ ওঠার সম্ভাবনা বাড়ে।

পঞ্চমত, জীবনের অপূর্ণতাগুলোকে ব্যর্থতা হিসেবে না দেখা। সব স্বপ্ন পূরণ হওয়ার জন্য নয়। কিছু স্বপ্ন আমাদের পথ দেখায়, কিছু স্বপ্ন আমাদের মানুষ করে, আর কিছু স্বপ্ন অপূর্ণ থেকেই জীবনের সৌন্দর্য বাড়িয়ে দেয়।

শেষ কথা : জীবনকে যদি একটি ক্রিকেট ম্যাচের সঙ্গে তুলনা করি, তাহলে মধ্য বয়স হলো প্রথম ইনিংস শেষে বিরতির সময়। প্রথম ইনিংসে আমরা অনেক দৌড়েছি। কখনো সেঞ্চুরি করেছি, কখনো শূন্য রানে আউট হয়েছি। কখনো দর্শকদের হাততালি পেয়েছি, কখনো সমালোচনার শিকার হয়েছি। অনেক সময় নিজের উইকেট বাঁচাতে গিয়ে সুন্দর শট খেলার আনন্দটুকুও ভুলে গেছি। দ্বিতীয় ইনিংসে এখানে আর কাউকে প্রমাণ করার প্রয়োজন নেই যে আপনি কত বড় খেলোয়াড়। বরং নিজের মতো করে খেলাটাকে উপভোগ করার সময় এসেছে। এবার একটু ধীরে হাঁটুন। বিকালের আকাশ দেখুন। বৃষ্টির শব্দ শুনুন। প্রিয় মানুষটির সঙ্গে গল্প করুন। পুরোনো বন্ধুদের ফোন করুন। সন্তানদের বড় হতে দিন, তাদের নিজস্ব আকাশ তৈরি করতে দিন। নিজের জন্যও একটি ছোট্ট আকাশ রাখুন। মনে রাখবেন, জীবনের সৌন্দর্য শুধু বসন্তে নয়; শরৎ, হেমন্ত, এমনকি শীতেও প্রকৃতি তার নিজস্ব রূপে অপরূপ। গাছের পাতা ঝরে যায় বলে গাছের জীবন শেষ হয়ে যায় না। বরং সেই ঝরে পড়া পাতার মধ্য দিয়েই নতুন কুঁড়ির জন্মের প্রস্তুতি চলে। মানুষের জীবনও তেমন। মুখে বলিরেখা আসবে, চুলে পাক ধরবে, শরীরের গতি কমবে–এটাই প্রকৃতির নিয়ম। কিন্তু মনের জানালায় আলো জ্বালিয়ে রাখার দায়িত্ব আমাদের নিজেদের। মধ্য বয়স মানে যৌবনের মৃত্যু নয়; বরং অপরিণত আকাঙ্ক্ষা থেকে পরিণত উপলব্ধির দিকে যাত্রা। যে মানুষটি চল্লিশ-পঞ্চাশ বছর বয়সেও নতুন করে স্বপ্ন দেখতে পারেন, অন্যের সাফল্যে আনন্দিত হতে পারেন, ছোট্ট একটি ফুল দেখে মুগ্ধ হতে পারেন, প্রিয়জনের হাত ধরে হাঁটতে পারেন, নিজের ভুল স্বীকার করে হাসতে পারেন–তার জীবনে বার্ধক্য এলেও মন কখনো বৃদ্ধ হয় না। তাই প্রকৃতির রুক্ষতার ছোঁয়া থাকুক, মনের অযাচিত বেদনা মাঝেমধ্যে উঁকি দিক–তবু জীবনকে ভালোবাসতে শিখি। কারণ, জীবনের সবচেয়ে সুন্দর অধ্যায়টি হয়তো এখনো লেখা হয়নি। বয়স আমাদের জন্মদিনের সংখ্যা বাড়ায়, কিন্তু জীবনের আনন্দ উপভোগ করার অধিকার একটুও কমায় না।

লেখক : ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন বিশেষজ্ঞ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

শীতের মৌসুমে সুস্থতা: স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় করণীয়

ডা. মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ

শীতের আগমনে প্রকৃতিতে যেমন পরিবর্তন আসে, তেমনি নারীদেহেও দেখা দিতে পারে নানা ধরনের শারীরিক সমস্যা। তাপমাত্রা কমে যাওয়া, বাতাসের আর্দ্রতার পরিবর্তন, ত্বকের শুষ্কতা, পানি পানের প্রবণতা কমে যাওয়া এবং দৈনন্দিন জীবনযাপনে পরিবর্তনের কারণে নারীরা বিভিন্ন স্বাস্থ্যঝুঁকির মুখে পড়তে পারেন। বিশেষ করে শিশুদের মা, গর্ভবতী, কর্মজীবী নারী, বয়স্ক নারী এবং দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত ব্যক্তিদের বাড়তি সতর্কতা প্রয়োজন। শীতকালে সর্দি-কাশি, গলাব্যথা, ত্বকের শুষ্কতা, ঠোঁট ফাটা, হাত-পায়ের চামড়া ফেটে যাওয়া, জোড়ায় ব্যথা, কোষ্ঠকাঠিন্য ও প্রস্রাবের নানা সমস্যা বেশি বিরক্তিকর হয়ে উঠতে পারে। তাই শীতকালকে সুস্থভাবে উপভোগ করতে নারীদের প্রয়োজন স্বাস্থ্যসচেতনতা, সুষম খাদ্যাভ্যাস, পরিচ্ছন্নতা এবং সময়মতো চিকিৎসা গ্রহণের অভ্যাস।

ত্বকের শুষ্কতা, চুলকানি ও ঠোঁট ফাটা

শীতকালে নারীদের অন্যতম সাধারণ সমস্যা হলো ত্বক শুষ্ক হয়ে যাওয়া। ঠান্ডা বাতাস, কম আর্দ্রতা, অতিরিক্ত গরম পানি দিয়ে গোসল এবং বারবার সাবান ব্যবহারে ত্বকের স্বাভাবিক আর্দ্রতা কমে যেতে পারে। ফলে ত্বকে টান অনুভব, চুলকানি, খসখসে ভাব, ঠোঁট ফাটা এবং হাত-পায়ের গোড়ালি ফেটে যাওয়ার মতো সমস্যা দেখা দেয়।

জটিলতা : ত্বকে গভীর ফাটল তৈরি হলে ব্যথা, রক্তপাত এবং সংক্রমণ হতে পারে। যাদের একজিমা বা অন্য কোনো চর্মরোগ রয়েছে, তাদের উপসর্গও বেড়ে যেতে পারে।

ঘরোয়া সমাধান : গোসলের জন্য কুসুম-গরম পানি ব্যবহার করতে হবে এবং দীর্ঘ সময় ধরে গোসল করা এড়িয়ে চলতে হবে। গোসলের পরপরই সুগন্ধিবিহীন ময়েশ্চারাইজার ব্যবহার করা ভালো। ঠোঁটে পেট্রোলিয়াম জেলি এবং হাত-পায়ের শুষ্ক স্থানে ঘন ময়েশ্চারাইজার লাগানো যেতে পারে। বাসন ধোয়া বা কাপড় পরিষ্কারের সময় প্রয়োজন অনুযায়ী সুরক্ষামূলক দস্তানা ব্যবহার করা উচিত। ত্বক চুলকালে অতিরিক্ত ঘষাঘষি করা যাবে না।

সর্দি-কাশি, গলাব্যথা ও শ্বাসতন্ত্রের সংক্রমণ

শীতকালে ভাইরাসজনিত সর্দি, কাশি, গলাব্যথা ও ফ্লুর প্রকোপ বাড়তে পারে। ঠান্ডা আবহাওয়ায় মানুষ ঘরের ভেতরে কাছাকাছি অবস্থান করায় সংক্রমণ ছড়ানোর সুযোগও বাড়ে। হাঁপানি বা দীর্ঘমেয়াদি শ্বাসতন্ত্রের রোগে আক্রান্ত নারীদের ক্ষেত্রে ঠান্ডা বাতাস শ্বাসকষ্টের উপসর্গ বাড়াতে পারে।

জটিলতা : দীর্ঘস্থায়ী কাশি, শ্বাসকষ্ট, পানিশূন্যতা এবং কিছু ক্ষেত্রে নিউমোনিয়ার মতো গুরুতর সংক্রমণ হতে পারে। গর্ভবতী ও দীর্ঘমেয়াদি রোগে আক্রান্তদের অসুস্থতাকে অবহেলা করা উচিত নয়।

ঘরোয়া সমাধান : পর্যাপ্ত বিশ্রাম, নিয়মিত তরল পান, কুসুম-গরম পানীয় এবং গলাব্যথায় লবণ মেশানো কুসুম-গরম পানিতে গার্গল উপকার দিতে পারে। কাশি বা হাঁচির সময় মুখ ঢেকে রাখা, সাবান দিয়ে হাত ধোয়া এবং অসুস্থ ব্যক্তির সঙ্গে ঘনিষ্ঠ সংস্পর্শ কমানো প্রয়োজন। ধোঁয়া, ধুলাবালি ও রান্নার অতিরিক্ত ধোঁয়া এড়িয়ে চলতে হবে। চিকিৎসকের পরামর্শ ছাড়া অ্যান্টিবায়োটিক ব্যবহার করা উচিত নয়।

চুল পড়া ও মাথার ত্বকের সমস্যা

শীতকালে মাথার ত্বক শুষ্ক হয়ে খুশকি, চুলকানি এবং চুলের রুক্ষতা বাড়তে পারে। পুষ্টির ঘাটতি, মানসিক চাপ, হরমোনের পরিবর্তন, থাইরয়েডের সমস্যা ও কিছু ওষুধের প্রভাবেও চুল পড়তে পারে। তাই অতিরিক্ত চুল পড়াকে শুধু আবহাওয়ার সমস্যা মনে করা ঠিক নয়।

জটিলতা : দীর্ঘদিন চুল পড়তে থাকলে চুল পাতলা হয়ে যেতে পারে। এর ফলে অনেক নারী মানসিক অস্বস্তি ও আত্মবিশ্বাসের ঘাটতিতে ভোগেন।

ঘরোয়া সমাধান : মৃদু শ্যাম্পু ব্যবহার, প্রয়োজন অনুযায়ী মাথার ত্বক পরিষ্কার রাখা, ভেজা চুলে অতিরিক্ত টান না দেওয়া এবং পুষ্টিকর খাবার খাওয়া জরুরি। মাছ, ডিম, ডাল, দুধ, বাদাম, শাকসবজি ও ফল খাদ্যতালিকায় রাখা যেতে পারে। চিকিৎসকের পরামর্শ ছাড়া আয়রন, ভিটামিন বা অন্য কোনো পুষ্টি উপাদানের উচ্চমাত্রার সম্পূরক গ্রহণ করা উচিত নয়।

গর্ভবতীদের বাড়তি সতর্কতা

শীতকালে গর্ভবতীদের নিজেদের পাশাপাশি অনাগত সন্তানের সুস্থতার দিকেও নজর দিতে হয়। ঠান্ডাজনিত সংক্রমণ, পর্যাপ্ত পানি পান না করা, পুষ্টির ঘাটতি এবং অতিরিক্ত ক্লান্তি তাদের জন্য অস্বস্তিকর হতে প